

বার্ষিক মূল্যায়ন ২০২৪

বিষয়: ডিজিটাল প্রযুক্তি

শ্রেণি: অষ্টম

(ক) প্রশ্নপত্র প্রণয়ন সংক্রান্ত বিষয়ভিত্তিক নির্দেশনাসমূহ:

- এনসিটিবি কর্তৃক নির্ধারিত পাঠ্যক্রম/সিলেবাসের মধ্য থেকে বার্ষিক পরীক্ষা-২০২৪ এর প্রশ্নপত্র প্রণয়ন করতে হবে।
- ঘ-বিভাগে (প্রেক্ষাপট/দৃশ্যপটনির্ভর রচনামূলক প্রশ্ন) নমুনা হিসেবে প্রদত্ত প্রশ্ন হুবহু বার্ষিক পরীক্ষায় ব্যবহার করা যাবে না। তবে একই বিষয়বস্তু (Content) নিয়ে নতুন প্রেক্ষাপট/দৃশ্যপট তৈরি করে প্রশ্ন প্রণয়ন করা যেতে পারে।
- প্রতিটি প্রশ্ন (বিশেষ করে গ-বিভাগ ও ঘ-বিভাগ) প্রণয়নের ক্ষেত্রে প্রশ্নের নম্বর বিভাজন বিবেচনা করতে হবে। নিজে নিশ্চিত হতে হবে প্রশ্নের নম্বর বিভাজন অনুসারে শিক্ষার্থীর প্রশ্নের উত্তর দেওয়ার সুযোগ আছে কি না।
- কোনো প্রশ্নের উপস্থাপনা (প্রশ্ন অথবা প্রেক্ষাপট) এমন হবে না যার মাধ্যমে সমাজে নেতিবাচক প্রতিক্রিয়া সৃষ্টি হতে পারে।

(খ) অষ্টম শ্রেণির বার্ষিক পরীক্ষার জন্য পাঠ্যক্রম/সিলেবাস

| শিখন অভিজ্ঞতা নং | অভিজ্ঞতার শিরোনাম | পৃষ্ঠা নং |
|------------------|---|--------------|
| ২ | ডিজিটাল প্ল্যাটফর্মে ব্যক্তিগত তথ্যের নিরাপত্তাজনিত ঝুঁকি | ২৭ থেকে ৫২ |
| ৩ | নাগরিক সেবা ও ই-কমার্সের সুযোগ গ্রহণ করি | ৫৩ থেকে ৭৫ |
| ৪ | সমস্যার সমাধান চাই প্রোগ্রামিংয়ের জুড়ি নাই | ৭৬ থেকে ১০৭ |
| ৫ | চলো নেটওয়ার্কে সংযুক্ত হই | ১০৮ থেকে ১২৬ |

(গ) মূল্যায়ন কাঠামো

| শিখনকালীন মূল্যায়ন | সামষ্টিক মূল্যায়ন |
|---------------------|--------------------|
| ৩০% | ৭০% |

(ঘ) শিখনকালীন মূল্যায়ন: প্রশ্নের ধারা ও মানবণ্টন

| কাজের ধরন (Types of Activities) | নির্ধারিত নম্বর |
|--|-----------------|
| অ্যাসাইনমেন্ট/ব্যবহারিক কাজ (Assignment/Practical work): নমুনা প্রশ্ন: ১। শিখন অভিজ্ঞতা ৩, এর সেশন ৬ ও ৭ পৃষ্ঠা ৬৬ : নাগরিক বা ই-কমার্স উদ্যোগ গ্রহণ করার পরিকল্পনার উপস্থাপনা প্রণয়ন করো। | ১০ |
| অনুসন্ধানমূলক কাজ/প্রকল্প/প্রতিবেদন উপস্থাপন (Investigative work, Project proposal, Report presentation): নমুনা প্রশ্ন: ২। শিখন অভিজ্ঞতা ৪, এর সেশন ১১ পৃষ্ঠা ১০৬ : ভিন্ন দলের প্রোগ্রাম যাচাই করে একটি প্রতিবেদন তৈরি করো। | ১০ |
| শ্রেণির কাজ (পাঠ্যপুস্তকে সন্নিবেশিত একক ও দলগত কাজ, ছক পূরণ, বক্স পূরণ, ফ্লোচার্ট অংকন): নমুনা প্রশ্ন: ৩। শিখন অভিজ্ঞতা ৫, এর সেশন ৬ পৃষ্ঠা ১২২ : RJ45 ক্যাবলের সাহায্যে দুটি কম্পিউটারের মধ্যে নেটওয়ার্ক সংযুক্তি স্থাপন করো। | ১০ |
| মোট | ৩০ |
| বিঃদ্র: প্রদত্ত উদাহরণসমূহের বাইরে অন্যভাবে কাজ দেওয়া যেতে পারে। এগুলো নমুনা মাত্র। ভিন্ন ভিন্ন প্রেক্ষাপটে শিক্ষার্থীদের ভিন্ন ভিন্ন কাজ প্রদান করা যেতে পারে। | |

(ঙ) সামষ্টিক মূল্যায়ন: প্রশ্নের ধারা ও মানবণ্টন

অভীক্ষার ধরন: লিখিত

পূর্ণ নম্বর : ১০০

সময়: ৩ ঘন্টা

| ক্রম | আইটেমের নাম | প্রশ্নপত্রে মোট প্রশ্নের সংখ্যা | উত্তর দিতে হবে | মোট নম্বর | সময় | |
|------|--|---------------------------------|----------------|-----------|---------|---------|
| ১ | নৈর্ব্যক্তিক প্রশ্ন | বহুনির্বাচনি প্রশ্ন | ১৫ | ১৫ | ১×১৫=১৫ | ৩ ঘন্টা |
| | প্রশ্ন | এক কথায় উত্তর | ১০ | ১০ | ১×১০=১০ | |
| ২ | সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন | ১০ | ১০ | ২×১০=২০ | | |
| ৩ | রচনামূলক প্রশ্ন (প্রেক্ষাপটবিহীন) | ৫ | ৩ | ৫×৩=১৫ | | |
| ৪ | রচনামূলক প্রশ্ন (প্রেক্ষাপটনির্ভর) প্রতিটি দৃশ্যপটের বিপরীতে দুটি অংশ থাকবে | ৭ | ৫ | ৮×৫=৪০ | | |
| | | | মোট | ১০০ | | |

(চ) কাঠামো মোতাবেক নমুনা প্রশ্ন

এটি একটি নমুনা প্রশ্নপত্র। এই নমুনা প্রশ্নপত্রের আলোকে আপনি এই বিষয়ে আপনার স্বকীয় প্রশ্নপত্র তৈরি করবেন। কোনোভাবেই নমুনা প্রশ্নপত্র হুবহু ব্যবহার করা যাবে না

২০২৪ শিক্ষাবর্ষের বার্ষিক সামষ্টিক মূল্যায়নের নমুনা প্রশ্ন
বিষয়: ডিজিটাল প্রযুক্তি
শ্রেণি: অষ্টম

সময় : ৩ ঘন্টা

পূর্ণমান : ১০০

ক-বিভাগ

নৈর্ব্যক্তিক অংশ (বহুনির্বাচনি প্রশ্ন ও এককথায় উত্তর)

[দ্রষ্টব্য: সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরটি খাতায় লেখো (প্রশ্ন নং ১-১৫) প্রতিটি প্রশ্নের মান ১]

১×১৫ = ১৫

| | |
|--|---|
| ১. মুঠোফোনের নিরাপদ ব্যবহারে নিচের কোনটি করতে হবে? ক. শক্ত কভার লাগাতে হবে খ. শক্তিশালী ব্যাটারি ব্যবহার করতে হবে গ. পিনকোড ব্যবহার করতে হবে ঘ. গ্রাস প্রটেক্টর ব্যবহার করতে হবে | ৯. ভ্যারিয়েবলের সঠিক নামকরণ কোনটি? ক. 8a খ. @My_name গ. _variable ঘ. z!yan ১০. নিচের কোনটি একমুখি ডেটা কমিউনিকেশন? ক. সিমপ্লেক্স খ. হাফ ডুপ্লেক্স গ. সেমি-ডুপ্লেক্স ঘ. ফুল ডুপ্লেক্স |
| ২. মুঠোফোনের নিরাপদ ব্যবহারের ক্ষেত্রে নিচের কোন পিনকোডটি অধিক শক্তিশালী? ক. ১১১১ খ. ৮৫৩৭ গ. ২৪৬৮ ঘ. ১২৩৪ | নিচের অনুচ্ছেদটি পড়ে ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও সম্প্রতি শাওন তার ব্যক্তিগত ব্যবহারের জন্য একটি ডেস্কটপ কম্পিউটার ও একটি প্রিন্টার ক্রয় করেছে। পড়ার টেবিলে ডেস্কটপ কম্পিউটারের সাথে তারের মাধ্যমে প্রিন্টার সংযুক্ত করে সে তার প্রয়োজনীয় কাজ করে। একটি বহুতল ভবনের ৮ম তলায় তারা বাস করে। ভবনটির নিচ তলায় তাদের একটি ট্রাভেল এজেন্সির অফিস রয়েছে। রাস্তার অপর পাশে তাদের ট্রাভেল বিষয়ক একটি ট্রেনিং সেন্টার আছে। অফিস ও ট্রেনিং সেন্টারে কয়েকটি ডেস্কটপ কম্পিউটার, ল্যাপটপ, প্রিন্টার এবং একটি স্ক্যানার আছে। নিজেদের মধ্যে তথ্য আদান প্রদানের জন্য অফিস ও ট্রেনিং সেন্টারের ডিভাইসগুলো নেটওয়ার্কের মাধ্যমে সংযুক্ত করেছে। |
| ৩. মেটাডেটা কী? ক. তথ্য সম্পর্কিত আরো তথ্য খ. মিথ্যা তথ্য গ. জরুরি তথ্য ঘ. দুর্বল তথ্য | ১১. শাওন তার ব্যক্তিগত ব্যবহারের জন্য কোন ধরনের নেটওয়ার্ক স্থাপন করেছে? ক. পার্সোনাল এরিয়া নেটওয়ার্ক খ. লোকাল এরিয়া নেটওয়ার্ক গ. মেট্রোপলিটন এরিয়া নেটওয়ার্ক ঘ. ওয়াইড এরিয়া নেটওয়ার্ক |
| ৪. ছবির অধিতথ্য পেতে ছবির উপর মাউস রেখে রাইট বাটনে ক্লিক করে কোন অপশনে যেতে হবে? ক. Open with খ. Copy as path গ. Open ঘ. Properties | ১২. শাওনদের ট্রাভেল এজেন্সিতে কোন ধরনের নেটওয়ার্ক ব্যবহার করা হয়েছে? ক. পার্সোনাল এরিয়া নেটওয়ার্ক খ. লোকাল এরিয়া নেটওয়ার্ক গ. মেট্রোপলিটন এরিয়া নেটওয়ার্ক ঘ. ওয়াইড এরিয়া নেটওয়ার্ক |
| ৫. নাগরিক ও ই-কমার্স সেবার শক্তিশালী মাধ্যম কী? ক. সামাজিক যোগাযোগ প্ল্যাটফর্ম খ. রেডিও গ. সংবাদপত্র ঘ. টিভি | ১৩. প্রতি সেকেন্ডে গড়ে যত বিট ডেটা চলাচল করতে পারে তাকে কী বলে? ক. ডিলে খ. ব্যান্ডউইথ গ. ল্যাটেন্সি ঘ. থ্রুপুট |
| ৬. নিচের কোনটি float type ভ্যারিয়েবল? ক. True খ. ৫ গ. c ঘ. ৯.০৭ | ১৪. নিচের কোনটি দুর্বল সিগনালকে সবল করে? ক. মডেম খ. রিপিটার গ. ফায়ারওয়াল ঘ. ব্রিজ |
| ৭. মডুলো অপারেটর কোনটি? ক. + খ. - গ. * ঘ. % | ১৫. ইলাস্ট্রেটরে কোন টুলের সাহায্যে যেকোনো স্থানে শেড আনা যায়? ক. Paintbrush Tool খ. Pen Tool গ. Mesh Tool ঘ. Pencil Tool |
| ৮. কোন তথ্য যদি প্রোগ্রামের ভিতর সঞ্চয় করতে বা রাখতে চাই তবে আমরা কী ব্যবহার করতে পারি? ক. ডেটাটাইপ খ. ভ্যারিয়েবল গ. স্ট্যাক ঘ. অ্যারে | |

১৬. মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের জন্য ডিজিটাল লিটারেসি কোর্সটি কোথায় করা যায়?
১৭. ভোক্তার কাছ থেকে পণ্য সংগ্রহ করে কোনো ব্যবসায়ী যখন এটি অন্যের কাছে বিক্রি করে তা কোন ধরনের ই কমার্সের উদাহরণ?
১৮. ধারণক্ষমতার চেয়ে বেশি ডেটার উপস্থিতিতে কী বলে ?
১৯. ট্রুথ টেবিলে ২টি ইনপুট নিলে সম্ভাব্য মোট কতটি ঘটনা পাওয়া যায়?
২০. নেটওয়ার্কে ডেটা আদান-প্রদানের ক্ষেত্রে বড় ডেটাকে (মূল ডেটা) ছোট ছোট ভাগে ভাগ করা হয়, এই ভাগগুলোকে কী বলা হয়?
২১. ওয়াকিটকিতে দুজন পুলিশ অফিসারের কথোপকথন কোন ধরনের ডেটা ট্রান্সমিশন মোড?
২২. কোনো ভ্যারিয়েবলে যদি সত্য অথবা মিথ্যা কে তথ্য হিসাবে জমা রাখতে চাই সেটি কী ধরনের তথ্য হবে?
২৩. নেতিবাচক বা বিপরীত ঘটনাকে আমরা প্রকাশ করতে পারি কী দিয়ে?
২৪. প্রতিটি NIC কার্ডে নির্মাতা কর্তৃক নির্ধারিত একটি অনন্য ঠিকানা থাকে, তার নাম কী?
২৫. ডিজিটাল নেটওয়ার্ক কয় ধরনের হতে পারে?

খ-বিভাগ: সংক্ষিপ্ত প্রশ্ন

২×১০=২০

১. সিমপ্লেক্স মোড কাকে বলে?
২. মডেম কী কাজ করে?
৩. নেটওয়ার্ক প্রটোকল কী?
৪. ফায়ারওয়াল কী?
৫. মুঠোফোনের নিরাপদ ব্যবহারের দুটি উপায় লেখো।
৬. কোন ওয়েবসাইটে যোগাযোগের নাম্বার কোথায় পাওয়া যায়?
৭. ট্রুথ টেবিল কাকে বলে?
৮. মেশিন কোড কী?
৯. পাইথনে Hello World এর প্রিন্ট কমান্ড লেখো।
১০. ভ্যারিয়েবলের প্রথম বর্ণ হতে পারে এমন দুটি উদাহরণ লেখো।

গ-বিভাগ

রচনামূলক প্রশ্ন (প্রেক্ষাপটবিহীন)

(৫টি থেকে যেকোনো ৩টি প্রশ্নের উত্তর দাও, নিম্নে ৩টি নমুনা প্রশ্ন দেওয়া হলো)

৫×৩=১৫

১. উইন্ডোজ কুইক সেটিং মেনু থেকে WiFi নেটওয়ার্কে সংযুক্ত হওয়ার ধাপসমূহ বর্ণনা করো।
২. কীভাবে নিরাপদে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করা যায়?
৩. ডিজিটাল ফুটপ্রিন্ট বলতে কী বোঝায়? এটির প্রভাব বিশ্লেষণ করো।

ঘ-বিভাগ

প্রেক্ষাপটনির্ভর রচনামূলক প্রশ্ন

(৭টি থেকে যেকোন ৫টি প্রশ্নের উত্তর দাও, নিম্নে ৫টি নমুনা প্রশ্ন দেওয়া হলো)

৮×৫ = ৪০

১. সুজন তার পরীক্ষার ফলাফলের ঘোষণা টিভিতে দেখতে পায়। ফলাফল ঘোষণার পরে মোবাইল ফোনে পরীক্ষার ফলাফলটি সে তার বাবাকে জানায়। সুজনের বাবা একজন ট্রাফিক পুলিশ যিনি প্রায়শই তার সহকর্মীদের সাথে ওয়াকিটকিতে কথা বলে থাকেন।
ক) উল্লিখিত উদ্দীপকে যে সমস্ত যোগাযোগের ধরন বর্ণনা করা হয়েছে তার ডেটা ট্রান্সমিশন মোড ব্যাখ্যা করো। ৩
খ) তোমার উল্লিখিত ডেটা ট্রান্সমিশন মোড এর মধ্যে কোনটি বেশি সুবিধাজনক বিশ্লেষণপূর্বক মতামত দাও। ৫
২. গত ১২ মে ২০২৪ তারিখে এসএসসি পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়। প্রায় ২০ লক্ষ পরীক্ষার্থী এ পরীক্ষায় অংশগ্রহণ করে। অধিকাংশ পরীক্ষার্থী অনলাইনে ফলাফল দেখার চেষ্টা করে। এসএসসি পরীক্ষার্থী মামুন তার ল্যাপটপে ফলাফল দেখার চেষ্টা করে। কিন্তু

দেখা যায় কোনো একটি নির্দেশ দেবার অনেক সময় পর পরবর্তী ধাপ আসে। এমনকি মাঝে মাঝে নতুন করে শুরু করতে হয়। সে তার ইন্টারনেট সংযোগ পরীক্ষা করে দেখে সংযোগ ঠিকই আছে। এই ওয়েবসাইট সে আগেও ব্যবহার করেছে তখন দ্রুত কাজ করেছে। সে তার শিক্ষককে এ বিষয়ে জিজ্ঞেস করলে শিক্ষক জানান, নেটওয়ার্কে একসাথে অধিক তথ্যের চাপ পড়লে এমন হতে পারে।

ক. নেটওয়ার্ক সম্পর্কিত কোন বিষয়ের কারণে মামুন এ ধরনের সমস্যায় পড়েছে। ব্যাখ্যা করো। ৩

খ. ব্যান্ডউইথ ও গ্লুপুট ধারণার সাহায্যে অনুচ্ছেদের সমস্যা সম্পর্কে তোমার মতামত ৫

৩. নিশাত প্রায়ই মায়ের মোবাইল নিয়ে কার্টুন, সিনেমা দেখে এবং মায়ের ফেসবুক অ্যাকাউন্টে প্রবেশ করে বিভিন্ন পোস্টে লাইক দেয়, কमेंটস লিখে সময় নষ্ট করে। মা অনেক নিষেধ করা সত্ত্বেও কথা শুনেনা। মায়ের সাথে মেজাজ খারাপ করে। ক্লাসে অমনযোগী। বন্ধুদের সাথে কথা বলার সময় অল্পতেই রেগে যায়।

ক. কী কারণে নিশাতের আচরণে এমন পরিবর্তন হয়েছে? পাঠ্য বইয়ের আলোকে ব্যাখ্যা করো। ৩

খ. নিশাতের আচরণের পরিবর্তনের উপর কী কী বিষয় কাজ করেছে বলে তুমি মনে কর। এ থেকে পরিত্রানের উপায় বর্ণনা করো। ৫

৪. প্রতি মাসে আজিজ সাহেবের নির্দিষ্ট কিছু খাতে খরচ করতে হয়। খাতগুলো হলো house rent, electric bill, gas bill. খাতগুলোর খরচ প্রতি মাসে একই থাকে না।

ক) উদ্দীপকে উল্লিখিত আজিজ সাহেবের মাসিক নির্দিষ্ট খরচগুলো পাইথনে প্রিন্ট করার কোড লেখো। ৩

খ) আজিজ সাহেবের উল্লিখিত খরচগুলো হিসাব করে এক মাসের মোট খরচ বের করার প্রোগ্রাম লেখো। ৫

৫. রিমনের একটি শোরুম আছে যেখানে ছেলেদের শার্ট, জিন্সের প্যান্ট, টিশার্ট, হাল ফ্যাশনের জুতা বিক্রয় করা হয়। সম্প্রতি তিনি ‘ক ফ্যাশন’ নামে ফেসবুকে একটি পেজ খুলেছেন। তাঁর পেজে প্রবেশ করলে বিভিন্ন পণ্যের ছবি, পণ্যের বিবরণ, দাম দেয়া আছে। এখানে পণ্যের দাম অনলাইনে পরিশোধের কথা বলা আছে। কামাল ‘ক ফ্যাশন’ নামক পেজে প্রবেশ করে লক্ষ্য করে একটি জিন্সের প্যান্টের দাম লেখা রয়েছে ২ হাজার টাকা। জিন্সের প্যান্টটি তার পছন্দ হয়। কিন্তু এটির গুণগত মান, যৌক্তিক দাম, কীভাবে দাম পরিশোধ করবে ইত্যাদি বিষয়ে চিন্তায় পড়ে যায়।

ক. ‘ক ফ্যাশন’ কোন মাধ্যমে পণ্য ক্রয় বিক্রয় করছে? পাঠ্য বইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩

খ. কামাল পণ্যের মান যাচাই ও দাম পরিশোধের ক্ষেত্রে সে কোন কোন মাধ্যম ব্যবহার করতে পারে? এ বিষয়ে কোনো সতর্কতা অবলম্বনের প্রয়োজনীয়তা আছে কি? পাঠ্য বইয়ের আলোকে তোমার মতামত দাও। ৫

(ছ) নৈর্ব্যক্তিক প্রশ্ন অংশের (২৫টির) উত্তর

বহুনির্বাচনি প্রশ্নের উত্তরমালা [১-১৫]

| প্রশ্ন নং | উত্তর | প্রশ্ন নং | উত্তর | প্রশ্ন নং | উত্তর |
|-----------|-------|-----------|-------|-----------|-------|
| ১ | গ | ৬ | ঘ | ১১ | ক |
| ২ | খ | ৭ | ঘ | ১২ | খ |
| ৩ | ক | ৮ | খ | ১৩ | খ |
| ৪ | ঘ | ৯ | গ | ১৪ | খ |
| ৫ | খ | ১০ | ক | ১৫ | গ |

এক কথায় উত্তর দাও [১৬-২৫]

| প্রশ্ন নং | উত্তর | প্রশ্ন নং | উত্তর |
|-----------|-----------------------|-----------|-----------------|
| ১৬ | কিশোর বাতায়নে | ২১ | হাফ ডুপ্লেক্স |
| ১৭ | ব্যবসায়ী থেকে ভোক্তা | ২২ | bool |
| ১৮ | নেটওয়ার্ক কনজেশন | ২৩ | লজিকাল নট দিয়ে |
| ১৯ | ৪ টি | ২৪ | MAC অ্যাড্রেস |
| ২০ | প্যাকেট | ২৫ | ২ ধরনের |

(জ) রচনামূলক প্রশ্ন (প্রেক্ষাপট নির্ভর) একটি প্রশ্নের রুব্রিক্স

৪. প্রতি মাসে আজিজ সাহেবের নির্দিষ্ট কিছু খাতে খরচ করতে হয়। খাতগুলো হলো house rent, electric bill, gas bill. খাতগুলোর খরচ প্রতি মাসে একই থাকে না।

- ক) উদ্দীপকে উল্লিখিত আজিজ সাহেবের মাসিক নির্দিষ্ট খরচগুলো পাইথনে প্রিন্ট করার কোড লেখো। ৩
- খ) আজিজ সাহেবের উল্লিখিত খরচগুলোর ১ মাসের মোট খরচ বের করার প্রোগ্রাম লেখো। ৫

৪ (ক) রুব্রিক্স:

| প্রশ্ন নং | নম্বর | নম্বর প্রদান নির্দেশিকা |
|-----------|-------|--|
| ৪ (ক) | ৩ | আজিজ সাহেবের মাসিক খরচের তিনটি খাতের নাম প্রিন্ট করার কোড লিখতে পারলে। |
| | ২ | আজিজ সাহেবের মাসিক খরচের দুইটি খাতের নাম প্রিন্ট করার কোড লিখতে পারলে। |
| | ১ | আজিজ সাহেবের মাসিক খরচের একটি খাতের নাম প্রিন্ট করার কোড লিখতে পারলে। |
| | ০ | ভুল বা অপ্রাসঙ্গিক কোন উত্তর লিখলে। |

৪ (খ) রুব্রিক্স:

| প্রশ্ন নং | নম্বর | নম্বর প্রদান নির্দেশিকা |
|-----------|-------|---|
| ৪ (খ) | ৫ | আজিজ সাহেবের মাসিক খরচের তিনটি খাতের খরচের পরিমাণ ইনপুট দেওয়ার প্রোগ্রাম তৈরি, সকল খাতের পরিমাণ নির্ণয় করার প্রোগ্রাম তৈরি এবং মাসিক খরচের সম্পূর্ণ হিসাব প্রিন্ট করার কোড লিখতে পারলে। |
| | ৪ | আজিজ সাহেবের মাসিক খরচের তিনটি খাতের খরচের পরিমাণ ইনপুট দেওয়ার প্রোগ্রাম তৈরি, সকল খাতের পরিমাণ নির্ণয় করার প্রোগ্রাম তৈরির কোড লিখতে পারলে। |
| | ৩ | আজিজ সাহেবের মাসিক খরচের তিনটি খাতের খরচের পরিমাণ ইনপুট দেওয়ার প্রোগ্রাম তৈরির কোড লিখতে পারলে। |
| | ২ | আজিজ সাহেবের মাসিক খরচের দুইটি খাতের খরচের পরিমাণ ইনপুট দেওয়ার প্রোগ্রাম তৈরির কোড লিখতে পারলে। |
| | ১ | আজিজ সাহেবের মাসিক খরচের একটি খাতের খরচের পরিমাণ ইনপুট দেওয়ার প্রোগ্রাম তৈরির কোড লিখতে পারলে। |
| | ০ | ভুল বা অপ্রাসঙ্গিক কোন উত্তর লিখলে। |